

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পাইকগাছা, খুলনা।  
(paikgasa.khulna.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ০৫.৪৪.৪৭৬৪.০০০.৪২.০০৩.২৩- ৮০৭

২৮ ভাদ্র ১৪৩০  
১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উদযাপন।

সূত্র : স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০. ০১৭.২৩.০০১.২২-৮৬০  
তারিখ : ৩০-০৮- ২০২৩খ্রি.  
সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা) তারিখ : ০৭/০৯/২০২৩ খ্রি: স্মারক নং ৪৬.৪৪. ৪৭০০. ০২৪. ২৩.  
০০২.২৩-৫৭৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ সেপ্টেম্বর জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উদযাপিত হবে। উক্ত দিবস যথাযথ ভাবে উদযাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হয়েছে।


১। উপজেলা পর্যায়ে আগামী ১৭-১৯ সেপ্টেম্বর ০৩ (তিন) দিনব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে “স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা” আয়োজন করতে হবে। মেলায় প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য পৃথক পৃথক স্টল থাকবে। স্টলে ইউনিয়নের উন্নয়ন কর্মকাণ্ড প্রদর্শনসহ তাৎক্ষণিক নাগরিক সেবা প্রদান করতে হবে। যেমন-জন্ম ও মৃত্যু নিবন্ধন, ওয়ারিশ সনদ, ট্রেড লাইসেন্স ইত্যাদি প্রদান করতে হবে।

২। উক্ত মেলায় এলজিইডি এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জন্য পৃথক স্টল থাকবে। বর্তমান সরকারের সময় তাদের দপ্তরের উন্নয়ন কর্মকাণ্ড ও ভবিষ্যত কর্মকাণ্ড স্টলে সচিত্র উপস্থাপন করতে হবে।

৩। ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে যে কোন দিন উপজেলা পর্যায়ে আয়োজিত আলোচনা অনুষ্ঠানের করতে হবে। উক্ত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় জাতীয় সংসদ সদস্য উপস্থিত থাকবেন। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে উল্লেখিত সময়ের মধ্যে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। অনুষ্ঠানে স্থানীয় পর্যায়ে জনগণের ব্যাপক সম্পৃক্ততা থাকতে হবে।


৪। এছাড়া রক্তদান, বৃক্ষরোপন, মশক নিধন, পরিষ্কার পরিচ্ছন্নতা, অভিযান ইত্যাদি সৃজনশীল কর্মসূচি গ্রহণ করতে হবে।

উক্ত নির্দেশনার আলোকে প্রত্যেক ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট দপ্তরকে পাইকগাছা উপজেলা পরিষদ চত্বরে নির্ধারিত সময়ের পূর্বে তাদের বরাদ্দকৃত স্টলে এসে নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
১২.০৯.২০২৩  
মুহাম্মদ আল-আমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
পাইকগাছা, খুলনা।  
ফোন নং : ০২৪৭৭৭-৩১৬০৬  
unopaikgacha@mopa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য - ১০৪, খুলনা- ৬
- ২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
- ৩। মেয়র, পাইকগাছা পৌরসভা, পাইকগাছা, খুলনা।
- ৪। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
- ৫। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ(সকল), পাইকগাছা, খুলনা।
- ৬। .....পাইকগাছা, খুলনা।

  
১২.০৯.২০২৩  
মুহাম্মদ আল-আমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
পাইকগাছা, খুলনা